ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩২৫৮

বিশালগড়, ১৬ অক্টোবর, ২০২৫

# সিপাহীজলা জেলাভিত্তিক রেড রান প্রতিযোগিতা অনুষ্ঠিত

স্বাস্থ্য দপ্তর এবং ত্রিপুরা স্টেট এইডস কন্ট্রোল সোসাইটির উদ্যোগে আজ সিপাহীজলা চিড়িয়াখানার প্রধান গেইটে সিপাহীজলা জেলাভিত্তিক রেড রান প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতার উদ্বোধন করে সিপাহীজলা জিলা পরিষদের সভাধিপতি সুপ্রিয়া দাস দত্ত বলেন, এইডস প্রতিরোধে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে এই প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। যুব সমাজকে খেলাধুলা, শরীর চর্চা এবং উপযুক্ত সচেতনতার মাধ্যমে এইডস এর বিরুদ্ধে লড়াই চালিয়ে যেতে হবে। অনুষ্ঠানে এছাড়াও বক্তব্য রাখেন সিপাহীজলা জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডা. দেবাশিষ দাস, ত্রিপুরা স্টেট এইডস কন্ট্রোল সোসাইটির সহ-অধিকর্তা ডা. কৌশিক রায় প্রমুখ। অনুষ্ঠানে এছাড়াও উপস্থিত ছিলেন সিপাহীজলা জেলার পুলিশ সুপার বিজয় দেববর্মা, সিপাহীজলা জেলার অতিরিক্ত জেলাশাসক সুভাষ দত্ত, সিপাহীজলা চিড়িয়াখানার অধিকর্তা সিদ্ধার্থ দেববর্মা, ডিসিএম অরূপ দত্ত প্রমুখ। রেড রান প্রতিযোগিতায় বিশালগড়ের রবীন্দ্রনাথ ঠাকুর মহাবিদ্যালয়, সোনামুড়ার কাজী নজরুল মহাবিদ্যালয় এবং বিশ্রামগঞ্জের আই টি আই থেকে মোট ৯৫ জন ছাত্রছাত্রী অংশ গ্রহণ করেন। প্রতিযোগিতার প্রথম স্থানাধিকারিকে ৫ হাজার টাকা, দ্বিতীয় স্থানাধিকারিকে ৩ হাজার টাকা এবং তৃতীয় স্থানাধিকারিকে ২ হাজার টাকার চেক প্রদান করা হয়। এছাড়াও ১২ জনকে সান্ত্বনা পুরস্কার হিসেবে প্রত্যেকের হাতে ১ হাজার টাকার চেক তুলে দেওয়া হয়।

*****